12

দৈনিক খবর

তারিখ 0 6 APR 1991
পৃষ্ঠা ... কলাম ...

# ডিগ্রী পরীক্ষা কেন্দ্র থেকে সাড়ে তিন বস্তা নকল উদ্ধার

কিশোরগঞ্জ, ৫ই এপ্রিল (সংবাদদাতা)।- কিশোরগঞ্জ সরকারী গুরুদয়াল কলেজের ডিগ্রী পরীক্ষা কেন্দ্র থেকে ৩ বস্তা নকল উদ্ধারের পর ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সে কেন্দ্রে অনুষ্ঠিত সকল পরীক্ষা বাতিলের কথা ভাবছেন। দৃষ্টান্তমূলক শাস্তি হিসেবে কলেজের ডিগ্রী পরীক্ষা কেন্দ্রও বাতিল করা হতে পারে।

গত ৩০শে মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক শাহ মোহাম্মদ হাবিবুর রহমানের নেতৃত্বে একটি প্রতিনিধিদল কেন্দ্রটি পরিদর্শনে গিয়ে এই নকল উদ্ধার করেন। কিন্দ্রটিতে মোট ১৬৪ জন ছাত্র-ছাত্রী ডিগ্রী পরীক্ষা দিচ্ছে।

এ উপলক্ষে এক সংক্ষিপ্ত প্রেস ব্রিফিংয়ে পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, গত ৫ই ফেব্রুয়ারী ডিগ্রী পরীক্ষা শুরু হওয়ার পর প্রথম দিন থেকেই কেন্দ্রটিতে ব্যাপক হারে নকল চলতে থাকে। ঐ দিন একজন শিক্ষক একজন পরীক্ষার্থীর নকল ধরে খাতা বাতিলের চেষ্টা করলে ছাত্ররা জোর করে তার কাছ থেকে খাতা ছিনিয়ে নেয় এবং শিক্ষককে অপমান করে। এক পর্যায়ে শিক্ষকদের বাধার মুখে ছাত্ররা নকলের দাবীতে হল ত্যাগ করে এবং মারমুখী হয়ে ওঠে। তারা ক্ষিপ্ত হয়ে স্থানীয় প্রশাসনিক কর্মকর্তা ও শিক্ষকদের ওপর আক্রমণ করে। এ হামলায় একজন এডিসি, একজন ম্যাজিস্ট্রেটসহ বেশ কয়েকজন শিক্ষক আহত হন।

পরিস্থিতি এমন পর্যায়ে পৌছে যে, উক্ত কেন্দ্রে পরীক্ষা চালানোই অসম্ভব হয়ে পড়ে। স্থানীয় শিক্ষক সমিতি পরীক্ষার হল বর্জনের সিদ্ধান্ত নেন, কিন্তু স্থানীয় ছাত্রনেতৃবৃন্দের তৎপরতায় ৬ই ফেব্রুয়ারী পুনরায় পরীক্ষা শুরু হলে আবার একই পরিস্থিতি সৃষ্টি হয়। এ অবস্থায় শিক্ষকরা হল ত্যাগের চেষ্টা করলে ছাত্ররা তাদের প্রাণনাশ ও বাড়ীঘর জ্বালিয়ে দেবার হুমকি দেয়।

তিনি বলেন, অবশেষে বিশ্ববিদ্যালয় কর্তৃক সেখানে একটি তথ্যানুসন্ধানী টীম পাঠলে তারা ফিরে এসে একই ধরনের রিপোর্ট প্রদান করে।

পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, অবশেষে ঘটনার সরেজমিনে তদন্তের জন্য গত ৩০শে মার্চ সেখানে গিয়ে প্রায় সাড়ে ৩ বস্তা নকল উদ্ধার করা হয়। তিনি বলেন, আধ ঘন্টার এই অভিযানে কারো দেহ তল্লাশি করা হয়নি বা কাউকে নকল থেকে নিবৃত্ত করার চেষ্টাও করা হয়নি।